যুগান্তর

JUN. 25 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩ ......

# চট্টগ্রাম সিটি কলেজের ভিপি গ্রেফতার

চট্টগ্রাম ব্যুরো

কোতোয়ালি থানা পুলিশ বিএড কলেজ এলাকা থেকে সরকারি সিটি কলেজ ছাত্র সংসদের ভিপি ছাত্রলীগ নেতা মাসুদ করিম টিটুকে গ্রেফতার করেছে। সোমবার ভোরে পুলিশ তাকে গ্রেফতার করে। পুলিশ অবশ্য গ্রেফতারকৃত ওই ভিপিকে 'সন্ত্রাসী, অপহরণকারী ও খুনি' হিসাবে অভিহিত করলেও তার বিরুদ্ধে কয়টি মামলা রয়েছে তা জানাতে পারেনি। ছাত্রলীগ নেতা টিটু দাবি করেছেন, শিবিরের কর্মীদের সঙ্গে দাঙ্গা-হাঙ্গামার অভিযোগে তার বিরুদ্ধে একটি মামলা ছিল।